# ১. গদ্যঃ

# নিমগাছ

## গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন

১। ষাট বছরের বৃদ্ধ মকবুলের সাথে বিয়ে হয় তেরো বছরের টুনির। ধানভানা থেকে শুরু করে জমির কাজ সবই মকবুল টুনির দ্বারা করায়। টুনির কর্মদক্ষতার জন্য মকবুলের চাচাতো ভাই মন্তু টুনির রূপে ও গুণে মুগ্ধ। টুনি মাঝে মাঝে স্বপ্ন দেখে মন্তুর সাথে চলে যাওয়ার। কিন্তু সে যেতে পারে না।

ক. বাড়ির পাশে নিমগাছ গজালে কারা খুশি হয়? ১
খ. নিমগাছটার লোকটার সাথে চলে যেতে ইচ্ছে করে কেন? ২
গ. উদ্দীপকের মকবুল 'নিমগাছ' গল্পের কার প্রতিনিধি? ব্যাখ্যা করো। ৩
ঘ. "টুনি যেন 'নিমগাছ' গল্পের লক্ষ্মীবউ"– তুমি কি একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২। স্বামী-সন্তান আর শ্বশুর-শাশুড়ি নিয়ে সুখের সংসার সূচনার। সবাই কীভাবে সুস্থ ও সুন্দর থাকবে সেদিকে গভীর মনোযোগ তার। একইভাবে পরিবারের সদস্যরাও তার প্রতি যথেষ্ট যত্নশীল। একদিন সূচনার এক বান্ধবী তাকে প্রস্তাব করল সব বান্ধবী মিলে দূরে কোথাও ঘুরতে যাওয়ার। কিন্তু পরিবারের সবাইকে বাদ দিয়ে একা যেতে তার মন সায় দেয় না।

ক. কে নিমগাছের রূপ ও গুণের প্রশংসা করেন? ১
খ. 'মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে'– কথাটি কেন বলা হয়েছে? ২
গ. 'নিমগাছ' গল্পে বর্ণিত গৃহবধূর সাথে উদ্দীপকের গৃহবধূর অমিল ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের মতোই প্রতীকধর্মী– এ প্রসঙ্গে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৩। রহমান সাহেব অত্যন্ত পরোপকারী মনোভাবের মানুষ। যে কেউ বিপদে পড়লে সাহায্য করতে ছুটে যান তিনি। নিজের সমস্যার কথা চিন্তা না করে যথাসাধ্য সহযোগিতা করেন। রহমান সাহেবের এ স্বভাবের কারণে তাঁর স্ত্রী মাঝে মাঝে খুব বিরক্ত হন। অন্যের উপকার করতে গিয়ে নিজের সমস্যা ডেকে আনার বিষয়টি মানতে পারেন না তিনি। রহমান সাহেব স্ত্রীকে বোঝাতে চান– "মানুষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য।"

ক. বাড়ির পাশে নিমগাছ গজালে কারা খুশি হন? ১
খ. বিজ্ঞরা নিমগাছ কাটতে নিষেধ করে কেন? ২
গ. 'নিমগাছ' গল্পের নিমগাছের সাথে উদ্দীপকের রহমান সাহেবের সাদৃশ্য কোথায়? ৩
ঘ. 'নিমগাছ' গল্পের মতোই উদ্দীপকের শেষ বাক্যটি যেন সীমাহীন কথার আখ্যান– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪। বৃদ্ধ কালাম মিয়া সারা জীবন অনেক কষ্ট করে ছেলেদের লেখাপড়া করিয়েছেন। তারা সবাই এখন শহরে প্রতিষ্ঠিত জীবন যাপন করছে। কালাম মিয়া দীর্ঘদিন ধরে অসুস্থ হওয়ায় ছেলেরা তাকে শহরে এনে নিজেদের কাছে রেখেছে। তাদের মতামত হলো গ্রামে থাকলে বাবার সেবাযত্ন ঠিকমতো হবে না। কিন্তু গ্রামের সাথে কালাম মিয়ার যে নাড়ির সম্পর্ক। গ্রাম যেন তাঁকে বারবার ডাকে। তাঁর খুব ইচ্ছা করে সেই ডাকে সাড়া দিতে।

ক. নিমগাছের চারিদিকে কী এসে জমে? ১
খ. 'বাড়ির গৃহকর্ম-নিপুণা লক্ষ্মীবউটার ঠিক এক দশা।'– কথাটি বুঝিয়ে লেখো। ২
গ. 'নিমগাছ' গল্পের নিমগাছ এবং উদ্দীপকের কালাম মিয়ার প্রতি মানুষের আচরণের মধ্যে পার্থক্য তুলে ধরো। ৩
ঘ. গল্পের নিমগাছ এবং উদ্দীপকের বৃদ্ধের চলে যাওয়ার আকুতি কি একই সুরে গাঁথা? মতামত বিশ্লেষণ করো। ৪

# উপেক্ষিত শক্তির উদ্বোধন

## গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন

১। দক্ষিণ আফ্রিকার অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা পশ্চাৎপদ জনগোষ্ঠী তথা কৃষ্ণাঙ্গদের নিয়ে অধিকার আদায়ের জন্য আজীবন সংগ্রাম করেছেন। সে দেশের জনসংখ্যার অনুপাত কৃষ্ণাঙ্গ ৮৪%, শ্বেতাঙ্গ ১৬%। এই ক্ষুদ্র জনগোষ্ঠী শ্বেতাঙ্গরাই দেশটিকে তিন শতাধিক বছর শাসন করে। রাজশক্তির বিরুদ্ধে নেলসন ম্যান্ডেলা আন্দোলনের নেতৃত্ব দেন। এজন্য তাঁকে প্রায় ২৮ বছর জেল খাটতে হয়। দমে যাননি ম্যান্ডেলা, সার্থক তাঁর জীবন সংগ্রাম।

ক. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন'–এ প্রবন্ধকারের কোন মানসিকতা ফুটে উঠেছে? ১
খ. আমাদের এত অধঃপতনের কারণ ব্যাখ্যা করো। ২
গ. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের ভদ্র সম্প্রদায়ের সাথে উদ্দীপকের শ্বেতাঙ্গদের মানসিকতার সাদৃশ্য দেখাও। ৩
ঘ. কৃষ্ণাঙ্গদের নেতা ম্যান্ডেলা এবং ছোটলোকদের নেতা মহাত্মা গান্ধী যেন এক ও অভিন্ন– মূল্যায়ন করো। ৪

২। আবুল হোসেন মিঞা পৌরসভার চেয়ারম্যান এবং জনদরদি নেতা। সমাজের উঁচুতলার মানুষের চেয়ে নিচু শ্রেণির মানুষের সঙ্গে তাঁর চলাফেরা বেশি। তাদের সুখ-দুঃখের তিনি সঙ্গী। তাদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে রাস্তা সংস্কার এবং নর্দমা পরিষ্কারের কাজ করেন। তিনি বলেন, "এরাই আমার আসল শক্তি"।

ক. 'দুর্দিনের যাত্রী' কোন ধরনের গ্রন্থ? ১
খ. দেশের অধিবাসী লইয়াই তো দেশ এবং ব্যক্তির সমষ্টিই তো জাতি– বাক্যটি বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের মধ্যে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে দিকটির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "এরাই আমার আসল শক্তি"– উদ্দীপকের চেয়ারম্যানের এই উক্তিটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো।৪

৩। ভৃত্য চড়িল উটের পিঠে উমর ধরিল রশি,
মানুষে স্বর্গে তুলিয়া ধরিয়া ধুলায় নামিল শশী।
আরাম সুখের মানুষ হইয়া নিতে মানুষের সেবা,
ইসলাম বলে সকলে সমান কে বড় ক্ষুদ্র কেবা?

ক. আমরা কত আনা শক্তিকে উপেক্ষা করে আসছি? ১
খ. বোধন বাঁশিতে সুর দেয়া বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের যে ভাবটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকটি 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের মূলভাবের আংশিক রূপায়ণ মাত্র"– মূল্যায়ন করো। ৪

৪। দেখিনু সে দিন রেলে,
কুলি বলে এক বাবু সাব তারে ঠেলে দিলে নিচে ফেলে–
চোখ ফেটে এলো জল,
এমনি করে কি জগৎ জুড়িয়া মার খাবে দুর্বল?

ক. 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধে কাদের কর্মক্ষেত্রে নেমে কাজ করার শক্তি নেই? ১
খ. উপেক্ষিত শক্তি সরল মুক্ত মন নিয়েও কোনো কাজ করতে পারছে না কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে ব্যাখ্যা করো। ৩
ঘ. দুর্বলদের মাঝে কীভাবে শক্তির উন্মেষ ঘটানো যায়? উদ্দীপক ও উপেক্ষিত শক্তির উদ্বোধন প্রবন্ধের আলোকে মতামত দাও। ৪

৫। এক শহুরে বাবু নৌকার মাঝিকে জিজ্ঞেস করলেন, দিন–রাত্রি কীভাবে হয়, নদীতে কেন জোয়ার আসে ইত্যাদি। মাঝি উত্তর দিতে পারল না। বাবু মাঝিকে অবজ্ঞার সুরে বললেন তোর জীবনের বারো আনাই মিছে। এদিকে ঝড়ের পূর্বাভাস দেখে মাঝি জিজ্ঞেস করল, সাতার জানো বাবু? বাবু বললেন, নারে মাঝি, না। তখন মাঝি বলল, তোমার দেখি জীবনটা এখন ষোলো আনাই মিছে।

ক. লেখকের মতে কাদের ওপর আমাদের দশ আনা শক্তি নির্ভর করছে? ১
খ. উপেক্ষিতরা নিজেদের ছোট মনে করে কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের সাদৃশ্য নিরূপণ করো। ৩
ঘ. উদ্দীপকের শহুরে বাবুর আচরণ 'উপেক্ষিত শক্তির উদ্বোধন' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ করো। ৪

# শিক্ষা ও মনুষ্যত্ব-

## গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন

১। মৃতপ্রায় দশ বছরের ফেলানীকে রাস্তার পাশে পড়ে থাকতে দেখে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী তাকে হাসপাতালে নিয়ে চিকিৎসার ব্যবস্থা করে। পরে ফেলানীর কাছ থেকে জানা যায় সে গুলশানের উচ্চপদস্থ কর্মকর্তা আমিনা বেগমের বাসায় কাজ করত। পান থেকে চুন খসলে তার উপর অত্যাচার চলত। সেদিন ইস্ত্রি করতে গিয়ে কাপড় পুড়িয়ে ফেলায় তাকে গরম ইস্ত্রি দিয়ে ছ্যাকা দেওয়া হয়। ঘটনার সত্যতা জেনে পুলিশ আমিনা বেগমকে গ্রেফতার করে কারাগারে পাঠায়।
ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্ভুক্ত? ১
খ. 'অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শিক্ষার্থীদের মধ্যে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি উপস্থিত? ব্যাখ্যা করো। ৩
ঘ. "আমিনা বেগমের ক্ষেত্রে শিক্ষা তার বাইরের ব্যাপার, অন্তরের ব্যাপার হয়ে ওঠেনি"– 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২। শেফালী ও মারুফা দুজনেই হাসপাতালের সেবিকা। শেফালী ছোটবেলার স্বপ্নকে বাস্তবায়ন করার জন্য তার অর্জিত বেতনের টাকা দিয়ে প্রতিবন্ধী শিশুদের জন্য একটি চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করেন। আর মারুফা অনেক বড়লোক হওয়ার স্বপ্ন দেখে এবং হাসপাতালের রোগীদের জন্য বরাদ্দকৃত চিকিৎসার ওষুধ বাইরে বিক্রি করে অর্থ আয় করে।
ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত? ১
খ. "কারারুদ্ধ আহারতৃপ্ত মানুষের মূল্য কতটুকু?" এখানে "কারারুদ্ধ" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের শেফালী চরিত্রে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে মারুফার মানসিক পরিবর্তনে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে লেখক কী পরামর্শ দিয়েছেন? আলোচনা করো। ৪

৩। শিহাব সাহেব সুরমা সিমেন্ট কোম্পানির হিসাবরক্ষণ অফিসার। ভালো বেতন পান বলে সংসারে অভাব নেই। কোম্পানির প্রয়োজনে মালিক প্রায়ই বিদেশে থাকেন। এই সুযোগ কাজে লাগিয়ে শিহাবের স্ত্রী রেবা একটু এদিক-ওদিক করে রাতারাতি গাড়ি-বাড়ির মালিক হওয়ার পরামর্শ দেয়। কিন্তু শিহাব তার স্ত্রীর প্রস্তাবে রাজি না হয়ে বলে– 'লোভে পাপ, পাপে মৃত্যু'।
ক. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধটি কোন প্রবন্ধের অংশবিশেষ? ১
খ. মানবজীবনে শিক্ষা সোনা ফলাতে পারে না কেন? ২
গ. উদ্দীপকের শিহাব কেন স্ত্রীর প্রস্তাবে রাজি হননি?– 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিক রেবার মানসিকতা পরিবর্তনে সহায়ক?– বিশ্লেষণ করো। ৪

৪। বাদশাহ আলমগীরের ছেলেকে দিল্লির এক মৌলভী পড়াতেন। বাদশাহ একদিন দেখলেন তার ছেলে ওস্তাদের পায়ে পানি ঢেলে দিচ্ছে আর ওস্তাদ নিজ হাতে পা পরিষ্কার করছেন। বাদশাহ মৌলভীকে তার দরবারে ডেকে জিজ্ঞেস করলেন তার ছেলে কেন নিজ হাতে ওস্তাদের পা ধুইয়ে দিল না।
ক. মোতাহের হোসেন চৌধুরী কোন পত্রিকার সাথে যুক্ত ছিলেন? ১
খ. শিক্ষার আসল কাজ কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের সাথে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন দিকটির মিল রয়েছে ব্যাখ্যা করো। ৩
ঘ. বাদশাহ আলমগীরের ছেলের মাঝে মানবসত্তার বিকাশে কোন জিনিসটি ভূমিকা রাখতে পারে? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে তোমার মতামত দাও। ৪

৫। শহীদুল্লাহ ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভের পর চলে গেলেন নিজ গ্রামে। সেখানে তিনি একটি হাই স্কুলে শিক্ষক হিসেবে যোগদান করেন। তার অদম্য ইচ্ছা গ্রামটিকে তিনি শিক্ষার আলোয় আলোকিত করবেন। সকল শিশুর জন্য শিক্ষার অধিকার নিশ্চিত করবেন। তার প্রভাবে দরিদ্র পরিবারের সন্তানরাও স্কুলে যেতে শুরু করল। শিক্ষার ব্যাপারে মানুষের মনে একটা আগ্রহ তৈরি হলো।
ক. মোতাহের হোসেন চৌধুরী কোন পত্রিকার সাথে যুক্ত ছিলেন? ১
খ. 'অপ্রয়োজনের দিকই তার শ্রেষ্ঠ দিক'– কথাটি বুঝিয়ে লেখো।২
গ. বিশ্ববিদ্যালয়ের শিক্ষা শহীদুল্লাহর মধ্যে কিসের জাগরণ ঘটিয়েছে? 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আংশিক প্রতিফলন মাত্র'– মূল্যায়ন করো। ৪

৬। হতদরিদ্র পরিবারের সন্তান সুমন। অনেক ইচ্ছে ছিল লেখাপড়া করে বড় মানুষ হবে। কিন্তু প্রতিদিন দুবেলা দুমুঠো খাবার জোগাড় করাই যেখানে কষ্টসাধ্য সেখানে পড়াশোনা আর কী করে করবে সে। বাধ্য হয়ে একটা দোকানে কাজ নেয় সে। তাতেও মেটে না পরিবারের চাহিদা। একসময় স্থানীয় ছিনতাইকারী চক্রের সাথে যুক্ত হয়ে অন্ধকার জীবনে পা বাড়ায় সুমন।
ক. জীবসত্তার ঘর হতে মানবসত্তার ঘরে উঠবার মই কী? ১
খ. শিক্ষা ও মনুষ্যত্ব প্রবন্ধের রচয়িতার মতে অর্থচিন্তা থেকে মুক্তি পাওয়া জরুরি কেন? ২
গ. উদ্দীপকের সুমনের অন্ধকার জীবনে পা বাড়ানোর কারণটি 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. "সুমনের মতো মানুষদের প্রকৃত মানুষ হওয়ার জন্য শিক্ষা ও অন্ন-বস্ত্র উভয় বিষয়ের সুব্যবস্থা প্রয়োজন"– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

# প্রবাস বন্ধু

## সৃজনশীল প্রশ্ন

১। আমার দেশের মানুষের সবে মুক্ত উদার মনে আর্ত– ব্যথিত সুধী গুনীজনে পাশে সেবা সাম্য -প্রীতি বিনিময় আশে সূর্য আলোকে আবার এদেশ হাসে নিতি নবরূপে ভরে ওঠে মন জীবনের আশ্বাসে।
ক) পানশি আফগানিস্থানের কোন দিকে অবস্থিত?
খ) "তোমার বপুটার সঙ্গে আমার তনুটার মিলিয়ে দেখ দিকিনি" বলতে লেখক কী বুঝিয়েছেন?
গ) উদ্দীপকে প্রকাশ গল্পের কোন দিকটি তুলে ধরা হয়েছে? ব্যাখ্যা কর।
ঘ)উদ্দীপকের বক্তব্য ও প্রবাস-বন্ধু গল্পের আবদুর রহমানের কর্মকাণ্ড এক সুরে গাঁথা – বিশ্লেষণ করো।

২। কাজের ছেলে ডাকে খাবার টেবিলে গিয়েই কামাল সাহেব হকচকিয়ে গেলেন। কোর্মা, পোলাও, মাংস, মাছ, দই, মিষ্টি আরও কত কি! এতো খাবার দেখে মনে হলো একজন কেন দশজন ও এ খাবার শেষ করা সম্ভব না।

ক) 'প্রবাস বন্ধু' সৈয়দ মুজতবা আলীর দেশে-বিদেশে গ্রন্থের কততম অংশ?
খ) 'আবদুর রহমান ফ্যাল ফ্যাল করে আমার দিকে তাকাল'-কেন?
গ) উদ্দীপকের কাজের ছেরে ও আবদুর রহমানের মধ্যে যে মিল রয়েছে তা -ব্যাখ্যা কর।
ঘ) উদ্দীপক প্রবাস বন্ধু গল্পের খণ্ডাংশ মাত্র- বিশ্লেষণ করো।

৩। বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রুপ খঁজিতে যাইনা: অন্ধকার জেগে ওঠে ডুমুরের গাছে সোনালি ধানের পাশে অসংখ্য অশ্বথ বট দেখেছিল, হায়, শ্যামার নরম গান শুনেছিল একদিন অমরায় গিয়ে ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সনের বাংলার নদীর মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।
ক)' প্রবাস বন্ধু 'রচনায় লেখকের বড় কর্তা কে?
খ) 'বাবুর্চি' আবদুর রহমান না হয়ে সে যদি আমীর আবদুর রহমান হত- এ কথা লেখক কেন বলেছেন?
গ) উদ্দীপকে প্রবাস বন্ধু গল্পের কোন দিকটির প্রতিফলন ঘটেছে? বাখ্যা কর।
ঘ) উদ্দীপক ও প্রবাস বন্ধু গল্পের মধ্যে রয়েছে বিস্তর বৈপরীত্য– তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।

৪। প্রেক্ষাপট–১
'তখন ফিরে এসে, হুজুর একটা আস্ত দুম্বা যদি না খেতে পারেন, তবে আমি আমার গোঁফ কামিয়ে ফেলব। আজ যা রান্না করেছিলুম তার ডবল দিলেও আপনি ক্ষিদের চোটি আমায় কতল করবেন।
প্রেক্ষাপট–২
শীতকালে সে কী বরফ পড়ে। মাঠ পথ পাহাড়, নদী, গাছপালা সব ঢাকা পড়ে, ক্ষেত খামারের কাজ বন্ধ , বরফের তলায় রাস্তা চাপা পড়ে গেছে।
ক) 'লব-ই-দরিয়া' বলতে কোনটিকে বোঝানো হয়েছে?
খ) ইংল্যান্ডে মাত্র একবার ভিক্টোরিয়া আলবার্ট আঁতাৎ হয়েছিল- কথাটি ব্যাখ্যা করো।
গ) প্রেক্ষাটপ ১ এ কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে?প্রবাস বন্ধু গল্পের আলোকে ব্যাখ্যা কর।
ঘ) পেক্ষাপট-২ এ কোন দেশের প্রাকৃতিক সৌন্দর্যের কথা বলা হয়েছে? উক্ত বিষয়ে তোমার সুচিন্তিত মতামত ব্যক্ত করো।

৫। পরদিন মমতাদি কাজে এলো নিরবে নত মুখে কাজ করে গেল। সে বিষয়ে উপদেশ পেলো পালন করলো, যে বিষয় উপদেশ পেলো না নিজের বুদ্ধি খাঁটিয়ে সুন্দরভাবে কাজ করে গেল। নির্দেশনার অভাবে কোন কাজ ফেলে রাখল না। সে যেন বহুদিন এ বাড়িতে কাজ করছে। বিনা আড়ম্বরে এমন নিখুঁত হলো তার কাজ।
ক) 'প্রবাস বন্ধু' রচনাটি সৈয়দ মুজতবা আলীর কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?
খ) আবদুর রহমানকে 'হরফন-মৌলা আখ্যা দেওয়া হয়েছে কেন?
গ) উদ্দীপকের মমতাদি ও আবদুর রহমানের মধ্যে কি সাদৃশ্য রয়েছে ? ব্যাখ্যা কর।
ঘ) বুদ্ধি খাটিয়ে কাজ করার ক্ষেত্রে মমতাদি ও আবদুর রহমানের অবস্থান বিপরীতমুখী – বিশ্লেষণ করো।

# মমতাদি

## সৃজনশীল

১. দারিদ্র্যের কারণে নিলুফা বেশি পড়াশোনা করতে পারেনি। এসএসসি পাস করে সে একটি হাসপাতালে চতুর্থ শ্রেণির কর্মচারী হিসেবে কাজ করছে। কাজের প্রতি তার দায়িত্বশীলতা দেখে প্রতিষ্ঠানের প্রায় সবাই তার প্রশংসা করে। তবে মাঝেমধ্যে কারও কটু কথা শুনলে তার মনে খুব দুঃখ লাগে। সে মর্মাহত হয়।

ক. মমতাদির বয়স কত? ১
খ. মমতাদি লেখকের বাড়িতে কাজ নিয়েছিল কেন বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের নিলুফা ও 'মমতাদি' গল্পের মমতাদি চরিত্রের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'মমতাদি' গল্পের সামগ্রিক ভাব ধারণ করে না।"– যুক্তিসহকারে উক্তিটি ব্যাখ্যা করো। ৪

২. বিয়ের ছয় মাস পর নাজমার স্বামী মারা যায়। সন্তানহীনা নাজমা সংসারে অভাব আছে বলেই মর্যাদাসম্পন্ন নারী হয়েও কবির সাহেবের বাড়িতে কাজ নেয়। কবির সাহেবের মাতৃহারা শিশুসন্তান রনি ও রানাকে নাজমা সন্তানের স্নেহে লালন-পালন করে। উচ্চ শিক্ষিত রনি ও রানা এখন নাজমাকে মায়ের মতো সম্মান করে। কবির সাহেবের সংসারে স্বর্গসুখ এনে দিয়েছে নাজমা।

ক. গৃহকর্মে মমতাদির মাইনে কত টাকা ঠিক হয়েছিল? ১
খ. "বেশী আস্কারা দিও না। জ্বালিয়ে মারবে"- ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে নাজমা 'মমতাদি' গল্পের কোন চরিত্রের প্রতিচ্ছবি? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের কবির সাহেবের পরিবারে স্বর্গসুখ এনে দিতে নাজমার যে ভূমিকা ছিল, তা 'মমতাদি' গল্পের সমগ্র মূলভাবকে ধারণ করে - যৌক্তিক মতামত দাও। ৪

৩. দরিদ্র কিশোরী শিল্পী গৃহকর্মী হিসেবে কাজ নেয় নরসিংদী শহরের এক ব্যবসায়ীর বাসায়। গৃহকর্ত্রী ওইটুকুন মেয়ের ওপর বাসার সমস্ত কাজের বোঝা চাপিয়ে দেন। রুটি বানানো, কাপড় ধোয়া, থালা-বাসন মাজা, ঘর ঝাড়-মোছা আরো কত কী! মেয়েটি শারীরিকভাবে দুর্বল হয়ে পড়লে গৃহকর্ত্রী তার শরীরের বিভিন্ন স্থানে গরম খুন্তির ছ্যাঁকা দিয়ে দিয়ে পৈশাচিক নির্যাতন চালান।

ক. 'মমতাদি' গল্পের রচয়িতা কে? ১
খ. রাঁধুনী বলায় চমকে মমতাদির মুখ লাল হলো কেন? ২
গ. উদ্দীপকের কিশোরী শিল্পী ও 'মমতাদি' গল্পের মমতাদির সাথে গৃহকর্ত্রীর আচরণের বৈসাদৃশ্য নিরূপণ করো। ৩
ঘ. শিল্পীর প্রতি তার গৃহকর্ত্রীর আচরণ কেমন হওয়া উচিত? 'মমতাদি' গল্পের আলোকে তোমার মতামত দাও। ৪

৪. সুবল কয়েক মাস ধরে একটি বাড়িতে নিষ্ঠার সাথে কাজ করছে। বাড়ির লোকজন কারণে-অকারণে প্রায়ই তাকে বকাবকি করে। বাড়ির কর্তা দু-একবার তার গায়ে হাতও তুলেছে। সুবল মনের দুঃখে গোপনে চোখের জল ফেলে।

ক. মমতাদি বাড়িতে আসার কতদিন পর তার সাথে লেখকের ভাব হলো? ১
খ. মমতাদি প্রথা ভঙ্গ করে উপার্জনের জন্য বাইরে এসেছেন কেন? ২
গ. উদ্দীপকের সুবলের গৃহকর্মের পরিবেশের সাথে 'মমতাদি' গল্পের মমতাদির প্রাপ্ত পরিবেশের অমিল ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকে 'মমতাদি' গল্পের মূলসুরই প্রকাশিত হয়েছে– তোমার মতামতের সপক্ষে যুক্তি দেখাও। ৪

# কবিতা

# সেইদিন এই মাঠ

**গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন**

১। রবীন্দ্রনাথ তাঁর 'রাজপথের কথা' গল্পে বলেছেন, কী প্রখর রৌদ্র। উহু-হু-হু। এক-একবার নিশ্বাস ফেলিতেছি, আর তপ্ত ধুলা সুনীল আকাশ ধূসর করিয়া উড়িয়া যাইতেছে। ধনী দরিদ্র, সুখী দুঃখী, জরা যৌবন, হাসি কান্না, জন্ম মৃত্যু, সমস্তই আমার উপর দিয়া একই নিশ্বাসে ধূলির স্রোতের মতো উড়িয়া চলিয়াছে। আমি কিছুই পড়িয়া থাকিতে দেই না-হাসিও না কান্নাও না। আমিই কেবল পড়িয়া আছি।

ক. চালতাফুল কিসের জলে ভিজবে? ১
খ. এই নদী নক্ষত্রের তলে সেদিনো দেখিবে স্বপ্ন– কেন? ২
গ. উদ্দীপকটিতে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন বিশেষ দিকটি ফুটে উঠেছে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাবের পূর্ণরূপ- বিশ্লেষণ করো। ৪

২। বাতাসের মাঝে বাস করে আমরা যেমন ভুলে যাই বাতাসের কথা। প্রকৃতির মাঝে বাস করেও আমরা ভুলে যাই প্রকৃতির কথা। অথচ সুজলা, সুফলা, শস্যশ্যামলা প্রকৃতি অকৃপণভাবে তার সৌন্দর্য বিতরণ করছে। নয়নাভিরাম গাছপালা, ফুল-ফল, পাখির কলরব, বয়ে চলা নদী, ঢেউ খেলানো ফসলের মাঠ জীবনে এনে দেয় প্রাণের ছোঁয়া। প্রকৃতির নিয়মেই প্রতিটি ঋতু আপন বৈশিষ্ট্যে রূপে, রসে, গন্ধে অনন্য হয়ে ওঠে।

ক. লক্ষ্মীপেঁচকের কণ্ঠে কী ধ্বনিত হয়? ১
খ. কবি চলে গেলেও চালতাফুল শিশিরের জলে ভিজবে কেন? ২
গ. উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'সেইদিন এই মাঠ' কবিতার আংশিক প্রতিফলন মাত্র- ব্যাখ্যা করো। ৪

৩। আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে– এই বাংলায়
হয়তো মানুষ নয়– হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে;
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল ছায়ায়

ক. 'সেইদিন এই মাঠ' কবিতায় কী ছাই হয়ে যাওয়ার কথা বলা হয়েছে? ১
খ. ব্যক্তিমানুষের মৃত্যু ঘটলেও সব শেষ হয়ে যায় না কেন? ২
গ. 'সেই দিন এই মাঠ' কবিতার কোন দিকটি উদ্দীপক কবিতাংশে লক্ষ করা যায়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'সেইদিন এই মাঠ' কবিতার মূলভাবকে ধারণ করেছে কি? বিশ্লেষণী মতামত দাও। ৪

৪। শিলাইদহে পদ্মার উচ্ছল কল্লোল শুনে মনটা উদ্যমী হয়ে গেল। এই সেই পদ্মা যার মোহন রূপে তৈরি হয়েছিল সৃষ্টির মায়াজাল। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর গীতাঞ্জলি কাব্যের অধিকাংশ কবিতা রচনা করেছিলেন পদ্মার বুকে। পদ্মার অপূর্ব সান্নিধ্য, তার বিস্তৃত কল্লোল কবিমনকে জাগিয়ে তুলেছিল। আর প্রকৃতির এইঅপূর্ব সান্নিধ্যেই কবি সৃষ্টি করেছেন তার অপূর্ব কবিতাবলি।

ক. লক্ষ্মীপেঁচা কার জন্য গান গাইবে? ১
খ. 'আমি চলে যাব বলে' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উদ্দীপকে বর্ণিত পদ্মার অপূর্ব সৌন্দর্য কবিকে দিয়েছেন। কাব্য রচনার অনুপ্রেরণা।' উক্তিটি 'সেইদিন এই মাঠ' কবিতার আলোকে মূল্যায়ন করো।

# পল্লিজননী

## সৃজনশীল প্রশ্ন

১। শহরের এক উন্নতমানের হাসপাতালে চিকিৎসা চলছে রকিবের। ঘণ্টায় ঘণ্টায় ডাক্তার, নার্সের নিশ্চিত উপস্থিতি, পর্যাপ্ত ওষুধ-পথ্য কোনো কিছুই মায়ের মনকে শান্ত করতে পারছে না। রকিবের মাথার পাশে এক মনে তসবি জপছেন মা। তাঁর মনে হাজারো আশা ও আশঙ্কা উঁকি মারছে।

ক. 'আড়ং' শব্দের অর্থ কী? ১
খ. মা নামাজের ঘরে মোমবাতি আর দরগায় দান মানেন কেন? ২
গ. উদ্দীপকের রকিবের সাথে 'পল্লিজননী' কবিতার অসুস্থ শিশুটির অবস্থার বৈসাদৃশ্য দেখাও। ৩
ঘ. গ্রামীণ ও শহুরে দুই মায়ের আশা ও আশঙ্কা একই অনুভূতিতে গাঁথা– মূল্যায়ন করো। ৪

২। জ্যোতির বয়স এবার বারো পেরোল। বড় দুরন্ত ছেলে। রোজ বিকেলে দূরের মাঠে খেলতে যায় সে। ফিরতে ফিরতে সন্ধ্যা। একাকী বাসায় এ সময়টা বড় দুশ্চিন্তায় কাটে তাসমিনা আফরোজের। ছেলেকে নিয়ে নানা আশা ও আশঙ্কায় জায়নামাজে বসে একনাগাড়ে দোয়া পড়তে থাকেন তিনি।

ক. ঘরের চালে কী ডাকে? ১
খ. 'তারি সাথে সাথে বিরহী মায়ের একেলা পরাণ দোলে।'– ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটির মূলভাব 'পল্লিজননী' কবিতার পুরোপুরি প্রতিনিধিত্ব করে না। উক্তিটি মূল্যায়ন করো। ৪

৩। স্বামীহারা রাহেলা বানু নির্মাণশ্রমিক হিসেবে অক্লান্ত পরিশ্রম করে একমাত্র সন্তান শিপুকে লেখাপড়া শেখান। স্নেহবাৎসল্য থাকলেও তা অন্তরে ধারণ করে তিনি সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করতে প্রতিজ্ঞাবদ্ধ।

ক. রুগ্‌ণ ছেলের শিয়রে কে জাগছে? ১
খ. শিয়রের কাছে নিবু নিবু দীপের সাথে বিরহী মায়ের পরাণ দোলে কেন? ২
গ. উদ্দীপকের রাহেলা বানুর মধ্যে পল্লিজননীর যে গুণের আভাস দেওয়া হয়েছে তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে 'পল্লিজননী' কবিতার মমতাময়ী মায়ের চেতনার সামগ্রিক দিক ফুটে ওঠেনি– মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

৪। ছেলেটার বয়স হবে বছর দশেক, পরের ঘরে মানুষ
যেমন ভাঙা বেড়ার ধারে আগাছা, মালীর যত্ন নেই
ছেলেটা ফুল পাড়তে গিয়ে গাছের থেকে পড়ে
হাড় ভাঙে, বুনো বিষফল খেয়ে ও ভিরমি লাগে
কিছুতেই কিছু হয় না, আধমরা হয়েও বাঁচে
গেরেস্ত ঘরে ঢুকলেই সবাই তাকে দূর দূর করে
কেবল তাকে ডেকে এনে দুধ খাওয়ায় সিধু গোয়ালিনী
তার উপদ্রবে গোয়ালিনীর স্নেহ ওঠে ঢেউ খেলিয়ে
তার হয়ে কেউ শাসন করতে এলে, পক্ষ নেয় ওই ছেলেটারই।

ক. বাঁশবনে ডাকে কে? ১
খ. মায়ের প্রাণ শঙ্কায় ভরে উঠেছে কেন? ২
গ. উদ্দীপকের ছেলেটার সাথে 'পল্লিজননী' কবিতার ছেলেটার পার্থক্য কোথায়?- ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো সিধু গোয়ালিনী পল্লিজননীরই প্রতিরূপ? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

# আশা

## সৃজনশীল

১। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শনের প্রথম বর্ষের ছাত্র আশিক তার পড়াশোনার পাশাপাশি বন্ধুদের সাথে আড্ডা দেয় অনেক। তার আশেপাশের অনেকে বলে সে আড্ডা ছাড়া আর কিছু করে না। অথচ এতে অনেকের ধারণা পাল্টে যায় এবং তাকে সম্মান করা শুরু করে।

ক) কবি কোথায় হারিয়ে যেতে চান?
খ) কাব মানুষের জগতে হারিয়ে যেতে চান কেন?
গ) উদ্দীপকটি 'আশা' কবিতার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর।
ঘ) "মানষ মানুষের জন্য, জীবন জীবনের জন্য" – উক্তিটি কবিতা ও উদ্দীপক অনুসারে বিশ্লেষণ কর।

২। পরের কারণে স্বার্থ দিয়ে বলি
এ জীবন মন সকলি দাও,
তার মতো সুখ কোথাও কী আছে?
আপনার কথা ভুলিয়া যাও।

ক) আয়ু কমে যায় কিসের দুর্ভাবনায়?

খ) "যেথায় লোকে সোনা রুপার পাহার জমায় না" বলতে কবি কী বুঝিয়েছেন?
গ) উদ্দীপকের সঙ্গে 'আশা' কবিতার সাদৃশ্য উল্লেখ কর।
ঘ) উদ্দীপক এবং 'আশা' কবিতার মূলভাব একই সূত্রে গাঁথা–তোমার মতামতের পক্ষে যুক্তি দাও।

৩। নাই কিরে সুখ ? নাই কীরে সুখ?
এ ধরা কী শুধু বিষাদময়?
যাতনে জ্বলিয়া কাঁদিয়া মরিতে
কেবলই কি নর জনম লয়?
বল ছিন্ন বীনে, বল উচ্চস্বরে–
না,না, না, মনিবের তরে
আছে উচ্চ লক্ষ্য, সুখ উচ্চতর
না সৃজিলা বিঁধি কাঁদাতে নরে (সুখ-কামিনী রায়)

ক. সিকান্দার আবু জাফর কত সালে জন্মগ্রহণ করেছেন?
খ. 'আমি হারিয়ে যেতে চাই'– কবি এ কথা বলেছেন কেন?
গ. উদ্দীপকের প্রথম চার চরণে 'আশা' কবিতার কীসের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর।
ঘ. উদ্দীপকের কবির চেতনা 'আশা' কবিতার কবির চেতনা অনুরূপ কি? তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও।

৪। অনিক চাকরিসূত্রে শহরে থাকে। জীবনের নানান চাহিদা আর কঠিন বাস্তবতার মুখোমুখি দাঁড়িয়ে প্রায়ই সে হতাশা বোধ করে। হতাশার সময়গুলোতে সে তার বাবার উপদেশ স্মরণ করে। বাবা বলতেন, সম্পদের লালসা থেকে নিজেকে দূরে রাখবে। যত সহজ সরল জীবন যাপন করবে তত তুমি সুখে থাকতে পারবে। বাবার এসব কথা স্মরণে এনে অনিক হতাশার মাঝেও শান্তি পায়।
ক) সিকান্দার আবু জাফর কোন গ্রামে জন্মগ্রহণ করেন?
খ) কোন বিষয়টি কীভাবে মানুষের আয়ু কমিয়ে দিতে পারে– ব্যাখ্যা করো।
গ) অনিকের হতাশার সঙ্গে 'আশা' কবিতায় বর্ণিত কোন শ্রেণির মানুষ? ব্যাখ্যা করো।
ঘ) "অনিক মনুষ্যত্ববোধ সম্পন্ন প্রকৃত মানুষ" 'আশা' কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৫। মালেক ও তালেব দুই ভাই । মালেক প্রবাসে থেকে প্রচুর অর্থ উপার্জন করে দেশে ফিরেছে। তথাপি নিজের আরো সুখ–স্বাচ্ছন্দের ব্যবস্থা করতে সে সদা ব্যস্ত। অন্যদিকে তালেব পরিবার ও পাড়া প্রতিবেশীদের সুখ–দুঃখ নিয়ে চিন্তিত থাকেন। অন্যের উপকার করার সুযোগ পেলে তিনি নিজেকে সুখী মনে করেন।
ক) সিকানদার আবু জাফরের জন্ম সাল কত?
খ) কোন মানুষেরা কেন সোনা রুপার পাহাড় জমায় না।
গ) উদ্দীপকের মালেক 'আশা' কবিতার বর্ণিত কোন শ্রেণির মানুষ ব্যাখ্যা করো।
ঘ) তালেব মনুষ্যত্ববোধ সম্পন্ন প্রকৃত মানুষ 'আশা' কাবতার আলোকে মন্তব্যটি ব্যাখ্যা করো।

# আমি কোনো আগন্তুক নই

## সৃজনশীল প্রশ্ন

১। আমি বাংলায় গান গাই,
আমি বাংলার গান গাই,
আমি আমার আমিকে চিরদিন এই
বাংলায় খুঁজে পাই।
আমি বাংলায় দেখি স্বপ্ন,
আমি বাংলায় বাঁধি সুর–
আমি এই বাংলার মায়াভরা পথে
হেঁটেছি এতটা দূর।

ক. মাছরাঙা কাকে চেনে? ১
খ. কদম আলী অকাল বার্ধক্যে নত কেন? ২
গ. উদ্দীপক কবিতাংশটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কোন চেতনাকে ধারণ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকটি 'আমি কোনো আগন্তুক নই' কবিতার মূলভাবের সম্পূর্ণ প্রকাশক কি? তোমার মতামত দাও। ৪

২। জর্জের জন্ম ইউরোপের দেশ স্পেনে। ১৯৮৫ সালে মাদকাসক্তদের নিরাময়ের ব্যাপারে কাজ করার জন্য তিনি বাংলাদেশে আসেন। বাংলাদেশের সবুজ প্রকৃতি ও মানুষের অন্তরঙ্গ ব্যবহার তাঁকে মুগ্ধ করে। তাই তিনি এই দেশেই স্থায়ী বসতি গড়েছেন। বাংলাদেশের সাথে তাঁর প্রাণ বাঁধা পড়েছে গভীরভাবে। এ দেশের সাথে যেন তাঁর চিরকালের পরিচয়।
ক. 'আমি কোনো আগুন্তক নই' কবিতায় জ্যোৎস্নার চাদরে ঢাকা কী? ১
খ. ক্লান্ত বিকেলের পাখিরা কবিকে চেনে কেন? ২
গ.উদ্দীপকের জর্জের এদেশে অবস্থানের সাথে 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কবির অবস্থানের অমিল ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উক্ত পার্থক্য থাকলেও বাংলাদেশের প্রতি জর্জ ও কবির অনুভূতি একই'– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৩। শাকিল সাহেবের জন্ম হয়েছিল বাংলার এক প্রত্যন্ত গ্রামে। গ্রামের এক স্কুলেই তাঁর পড়ালেখা শুরু। তারপর শহরের কলেজে ও বিশ্ববিদ্যালয়ে। অবশেষে বর্তমানে আমেরিকায় আছেন। মাঝে মাঝে দেশে এলেও গ্রামে কখনো যান না। তাঁর নাকি গ্রাম ভালো লাগে না। তাছাড়া এদেশের কোনো সাধারণ মানুষের সাথে তিনি মিশতে চান না। ব্যবসার কাজে দেশে এলে কয়েক দিন শহরের দামি হোটেলে থেকে আবার আমেরিকা চলে যান।
ক. কবি আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১
খ. 'আমি কোনো অভ্যাগত নই'- উক্তিটি দ্বারা কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকের শাকিলের দেশের প্রতি যে বিরূপ ধারণা তার সাথে তোমার পঠিত 'আমি কোনো আগন্তুক নই' কবিতার কবির তুলনা করো। ৩
ঘ. "উদ্দীপকের শাকিল সাহেব এবং তোমার পঠিত আমি কোনো আগন্তুক নই' কবিতার কবির জন্ম একইসূত্রে গাঁথা, কিন্তু মানসিকতায় ভিন্ন।"- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪। (র) তোমার ধূলিতে গড়া এ দেহ আমার
তোমার ধূলিতে কালে মিশিবে আবার।
(রর) সার্থক জনম আমার জন্মেছি এ দেশে।
সার্থক জনম মাগো, তোমায় ভালোবেসে।

ক. কবি আহসান হাবীবের প্রথম কাব্যগ্রন্থ কোনটি? ১
খ. 'আমি কোনো আগন্তুক নই'– কবি এ কথা বলেছেন কেন? ২
গ. উদ্দীপক (র) -এর যে ভাব 'আমি কোনো আগন্তুক নই' কবিতায় ফুটে উঠেছে- তা ব্যাখ্যা করো। ৩
ঘ. "উদ্দীপকদ্বয় 'আমি কোনো আগন্তুক নই' কবিতার সম্পূর্ণ ভাব ধারণ করেছে"– বিশ্লেষণ করো। ৪

# রানার

## সৃজনশীল প্রশ্ন:

১। পল্লি চিকিৎসক রায়হান খুবই মানব দরদী একজন মানুষ। দিন-রাত পল্লি গ্রামের সহজ সরল মানুষের চিকিৎসা সেবা করাই তার একমাত্র ধ্যান। এমনিকি ছুটির দিনেও গ্রামের বিভিন্ন বাড়িতে গিয়ে কেউ অসুস্থ থাকলে বিনা পয়সা তাকে চিকিৎসা করে থাকে। তার যেন কোন ক্লান্তি নেই, কোন বিশ্রাম নেই। সকলের সুস্থতাই যেন তার একমাত্র কাম্য। এজন্য যে কোন দুর্যোগ পূর্ণ আবহাওয়ায় ও রাতের পর রাত জেগে মানুষ কে চিকিৎসা সেবা দিয়ে থাকে। বিনা চিকিৎসায় কেউ মারা গেলে তার মন ডুকরে কেঁদে ওঠে। তার কাছে মানব সেবাই পরম ধর্ম। এজেন্য সে দিনরাত ক্লান্তিহীনভাবে চিকিৎসা সেবা দিয়েই মানব সেবা করে থাকে।

ক) 'দুর্বার' শব্দটির অর্থ কী?
খ) "কাজ নিয়েছে সে নতুন খবর আনার"– চরণটি ব্যাখ্যা কর।
গ) উদ্দীপকের রায়হান 'রানার' কবিতার কোন চরিত্রটিকে নির্দেশ করে?
ঘ) "উদ্দীপকের রায়হান এবং 'রানার' কবিতার রানারের মানসিকতা যেন একই সূত্রে গাঁথা"– উক্তিাটর তাৎপর্য বিশ্লেষণ কর।

২। শিক্ষা জাতির মিরুদন্ড। আর শিক্ষক হলেন তার কারিগর। তারা অক্লান্ত পরিশ্রম করে শিক্ষার্থীর সুপ্ত মেধার বিকাশ সাধনে অগণী ভূমিকা রাখেন। একজন আদর্শ শিক্ষক কেবল একজন শিক্ষকই নন, তিনি একজন মহৎ ব্যক্তিত্ব। তাই বলা যায়, দায়িত্বশীল ও নীরব সাধনায় শিক্ষক জাতির কর্ণধার।
ক) 'হরতাল' কোন ধরণের রচনা?
খ) অগ্রগতির 'মেল' কী বোঝানো হয়েছে?
গ) উদ্দীপকের শিক্ষকের মানসে 'রানা' কবিতার রানার চরিত্রের কোন দিকটি উপস্থিত? ব্যাখ্যা কর।
ঘ) দায়িত্বশীল ও নীরব সাধনায় শিক্ষক জাতির কর্ণধার। –উক্তিটি 'রানার' কবিতার আলোকে বিশ্লেষণ কর।

৩। ফাহমিদা একটি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা। তিন ভাইবোনের মধ্যে তিনি সবার বড়। বাবা মারা যাওয়ার পর সংসারের হাল তাই তাকে ধরতে হয়েছে । সারাদিন বিদ্যালয়ে কাজ করার পর বাড়িতে এসে সে সকল কাজ করে। পরিশ্রম তাকে কাবু করতে পারেনি।
ক) রাতের তারারা কেমন করে চায়?
খ) রানার কোন নিষেধ জানে না কেন?
গ) উদ্দীপকের ফাহমিদার সাথে 'রানার' কবিতার রানারের সাদৃশ্য ব্যাখ্যা কর।
ঘ) "উদ্দপকের ফাহমিদা ও 'রানার' কবিতার রানারের জীবনাদর্শে পার্থক্য রয়েছে"-উক্তিটি বিশ্লেষণ করো।

৪। হাবিব দীর্ঘদিন যাবত একটি সরকারি প্রতিষ্ঠানে চাকরি করে। তিনি সময় সম্পর্কে খুবই সচেতন। তাই প্রতিদিন যথাসময়ে কর্মস্থলে হাজির হন। কর্মক্ষেত্রে তার তৎপরতা বেশ চোখে পড়ার মতো। তিনি সততা, নিষ্ঠার সঙ্গে তার দায়িত্ব পালন করেন। এত অফিসের সবাই তাকে খুব পছন্দ করে।
ক) রানা কীসের বেগে ছোটে?
খ) রানার নিরন্তর ছুটে চলে কেন?
গ) উদ্দীপকের হাবিবের মধ্যে 'রানার ' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? - ব্যাখ্যা কর।
ঘ) 'চরিত্রগত মিল থাকলেও হাবিব ও রানার এক নয়'– মন্তব্যটি বিশ্লেষণ কর।

৫। বরুন কাজ করে জয়ন্ত ডেকোরেটার্সে। অনেকদিন থেকেই সে বাবুর্চি বিশেষত বিয়ের কাজে তার ডাকে বেশ পড়ে। বিয়ে মানেই বিয়ে বাড়িতে তিন চারদিন থাকা। ফলে কাজের চাপে সারা মাস বা সারা বছরই বাইরে থাকতে হয়। কত মানুষের বিয়ে দেখেছে বরুন, তার হিসেব নেই। রাত দিন রান্না করে আর ভাবে অন্য কথা। বৃদ্ধ বাবা মায়ের সাথে বরুনের বউ একা থাকে। বিয়ে বাড়ির ভরা মজলিশে অথবা নিঃসঙ্গ রাতে বরুনের মনে জাগে বিরহের নীরবতা।
ক) খবরের বোঝা হাতে কে চলেছে?
খ) রানারের প্রিয়ার বিনিদ্র রাত পার করার কারণ-ব্যাখ্যা কর।
গ) 'রানার' কাবতার রানারের সাথে উদ্দীপকের বরুণের সাদৃশ্য দেখাও।
ঘ) "উদ্দীপকটি 'রানার' কবিতার সমান গুরুত্ব বহন করেনা"–উক্তিটি স্বপক্ষে যুক্তি দাও।